শিক্ষা নিয়ে গড়ব দেশ
শেখ হাসিনার বাংলাদেশ

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ
শিক্ষা মন্ত্রণালয়
শাখাঃ কারিগরি-১
পরিবহন পুল ভবন, ঢাকা।
www.tmed.gov.bd

নং- ৩৭.০০.০০০০.০৭৬.০৯.০০৯.১৬- ৫৮৫

তারিখ ঃ ০৪ ভাদ্র ১৪২৫ বঙ্গাব্দ
১৯ আগস্ট ২০১৮ খ্রিস্টাব্দ

# প্রজ্ঞাপন

কারিগরি শিক্ষা অধিদপ্তরাধীন চাঁদপুর পলিটেকনিক ইনস্টিটিউটের চিফ ইন্সট্রাক্টর (কম্পিউটার) জনাব মোহাম্মদ নুরুস সামস চৌধুরী, নরসিংদী পলিটেকনিক ইনস্টিটিউটে কর্মরত থাকাকালীন বিগত ০৯/০৭/২০১২ হতে ১১/০৯/২০১২ তারিখ পর্যন্ত ৬৫ (পঁয়ষট্টি) দিন ও ১৩/০৯/২০১২ হতে ০৯/১১/২০১২ তারিখ পর্যন্ত ৫৮ (আটান্ন) দিনসহ মোট ১২৩ (একশত তেইশ) দিন এবং চাঁদপুর পলিটেকনিক ইনস্টিটিউটে ১২/১১/২০১২ তারিখে যোগদান করে ১৫/১১/২০১২ হতে ১৩/০৭/২০১৩ তারিখ পর্যন্ত ২৪১ (দুইশত একচল্লিশ) দিনসহ সর্বমোট ৩৬৪ (তিনশত চৌষট্টি) দিন (৬০ দিনের অধিক) কর্তৃপক্ষের বিনা অনুমতিতে কর্মস্থলে অনুপস্থিত থাকায় তার বিরুদ্ধে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ১৯৮৫ এর বিধি ৩ এর উপবিধি (বি) অনুযায়ী 'অসদাচরণ' এবং বিধি ৩ এর উপবিধি (সি) অনুযায়ী 'ডিজারশন' এর অভিযোগে তার বরাবর অভিযোগনামা ও অভিযোগ বিবরণী প্রেরণ করা হলে জনাব মোহাম্মদ নুরুস সামস চৌধুরী নির্ধারিত সময়ের মধ্যে কোন জবাব দাখিল করেননি। সংশ্লিষ্ট বিধিমালা অনুযায়ী রুজুকৃত বিভাগীয় মোকদ্দমাটি ধারাবাহিক কার্যক্রমের মাধ্যমে নিষ্পত্তির লক্ষ্যে তদন্তকারী কর্মকর্তা নিয়োগ করা হয়।

০২। তদন্তকারী কর্মকর্তার তদন্ত প্রতিবেদনসহ সংশ্লিষ্ট সকল রেকর্ডপত্র পর্যালোচনায় জনাব মোহাম্মদ নুরুস সামস চৌধুরী এর বিরুদ্ধে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ১৯৮৫ এর বিধি ৩ এর উপবিধি (বি) অনুযায়ী 'অসদাচরণ' এবং বিধি ৩ এর উপবিধি (সি) অনুযায়ী 'ডিজারশন' এর অভিযোগ সন্দেহাতীতভাবে প্রমাণিত হওয়ায় তাকে সংশ্লিষ্ট বিধিমালার বিধি ৭ এর উপবিধি (৬) মোতাবেক গুরুদণ্ডের আওতায় কেন তাকে শাস্তি প্রদান করা হবে না সে বিষয়ে পত্র প্রাপ্তির ০৭ (সাত) কার্যদিবসের মধ্যে লিখিতভাবে জবাব দাখিলের জন্য বিগত ১৫/০১/২০১৭ তারিখ দ্বিতীয় কারণ দর্শানোর নোটিশ তার বর্তমান ও স্থায়ী ঠিকানায় রেজিস্টার্ড ডাকযোগে এডির মাধ্যমে প্রেরণ করা হলে তিনি নির্ধারিত সময়ের মধ্যে কোন জবাব দাখিল করেননি। পরবর্তীতে ২য় কারণ দর্শানোর নোটিশ দৈনিক জাতীয় পত্রিকায় প্রকাশ করা হলে তিনি বিগত ১৫/১০/২০১৭ তারিখে লিখিত জবাব দাখিল করেন।

০৩। উপস্থাপিত সকল বিষয় সার্বিক পর্যালোচনায় জনাব মোহাম্মদ নুরুস সামস চৌধুরী ৩ দফায় ৩৬৪ দিন কর্তৃপক্ষের বিনা অনুমতিতে কর্মস্থলে অনুপস্থিত ছিলেন। কৈফিয়ত তলব করা হলেও জবাব দেন নাই। পরবর্তীতে পত্রিকায় বিজ্ঞপ্তি প্রদান করা হলে তিনি জবাব দেন যে, শারীরিক অসুবিধার জন্য তিনি কর্মস্থলে অনুপস্থিত ছিলেন। কর্তৃপক্ষের অনুমতি কেন গ্রহণ করেন নাই বা কর্তৃপক্ষ বরাবর ছুটির আবেদন করেন নাই জানতে চাইলে জানান সরকারি চাকুরীর নিয়মকানুন সর্ম্পকে তার যথেষ্ট জ্ঞান ছিল না। বর্তমানে তিনি সন্তোষজনকভাবে কর্মস্থলে তার দায়িত্ব পালন করছেন বলে অধ্যক্ষ লিখিতভাবে জানান।

০৪। সার্বিক বিবেচনায় চাঁদপুর পলিটেকনিক ইনস্টিটিউটের চিফ ইন্সট্রাক্টর (কম্পিউটার) জনাব মোহাম্মদ নুরুস সামস চৌধুরী এর বিরুদ্ধে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা ২০১৮ এর বিধি ৩ এর উপবিধি (গ) অনুযায়ী পলায়ন (desertion) এর অভিযোগ প্রমাণিত হয়েছে। বর্তমানে সন্তোষজনকভাবে তার দায়িত্ব পালন করায় তাকে গুরু শাস্তি প্রদান না করে সংশ্লিষ্ট বিধিমালার বিধি ০৪ এর উপবিধি ২ (খ) অনুযায়ী লঘুদণ্ডের আওতায় তার ২ (দুইটি) বার্ষিক বর্ধিত বেতন ২ (দুই) বছরের জন্য স্থগিতসহ অননুমোদিত অনুপস্থিত কাল (০৯/০৭/২০১২ হতে ১১/০৯/২০১২ তারিখ পর্যন্ত ৬৫ (পঁয়ষট্টি) দিন, ১৩/০৯/২০১২ হতে ০৯/১১/২০১২ তারিখ পর্যন্ত ৫৮ (আটান্ন) দিন এবং ১৫/১১/২০১২ হতে ১৩/০৭/২০১৩ তারিখ পর্যন্ত ২৪১ (দুইশত একচল্লিশ) দিন) সর্বমোট ৩৬৪ (তিনশত চৌষট্টি) দিন অসাধারণ ছুটি মঞ্জুর করার সিদ্ধান্ত গৃহীত হয়। তিনি পরবর্তীতে স্থগিতকৃত বর্ধিত বেতনের বকেয়া গ্রহণ করতে পারবেন না।

০৫। এমতাবস্থায়, জনাব মোহাম্মদ নুরুস সামস চৌধুরী, চিফ ইন্সট্রাক্টর (কম্পিউটার), চাঁদপুর পলিটেকনিক ইনস্টিটিউট এর বিরুদ্ধে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা ২০১৮ এর বিধি ০৪ এর উপবিধি ২ (খ) অনুযায়ী লঘুদণ্ডের আওতায় তার ২ (দুইটি) বার্ষিক বর্ধিত বেতন ২ (দুই) বছরের জন্য স্থগিতসহ অননুমোদিত অনুপস্থিত কাল সর্বমোট ৩৬৪ (তিনশত চৌষট্টি) দিন অসাধারণ ছুটি মঞ্জুর করা হলো। তিনি পরবর্তীতে স্থগিতকৃত বর্ধিত বেতনের বকেয়া গ্রহণ করতে পারবেন না।

০৬। এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

১৯.৮.২০১৮

(মোঃ আলমগীর)
সচিব

নং- ৩৭.০০.০০০০.০৭৬.০৯.০০৯.১৬- ৫৫৮৫                                                        তারিখ ঃ ০৪ ভাদ্র ১৪২৫ বঙ্গাব্দ
                                                                                                        ১৯ আগস্ট ২০১৮ খ্রিস্টাব্দ

অনুলিপি অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে প্রেরণ করা হলো।

১। মহাপরিচালক, কারিগরি শিক্ষা অধিদপ্তর, আগারগাঁও, ঢাকা
(জনাব মোহাম্মদ নুরুস সামস চৌধুরী এর ব্যক্তিগত নথিতে/ডোসিয়ারে প্রজ্ঞাপনটি সংরক্ষণের অনুরোধসহ)।
২। মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৩। মাননীয় প্রতিমন্ত্রীর একান্ত সচিব, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, পরিবহন পুল ভবন, ঢাকা।
৪। সচিব মহোদয়ের একান্ত সচিব, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, পরিবহন পুল ভবন, ঢাকা।
৫। উপ-পরিচালক, বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস, তেজগাঁও, ঢাকা।
(প্রজ্ঞাপনটি পরবর্তী গেজেটে প্রকাশের জন্য অনুরোধ করা হলো)।
৬। অধ্যক্ষ, চাঁদপুর পলিটেকনিক ইনস্টিটিউট, চাঁদপুর।
৭। প্রোগ্রামার, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা (প্রজ্ঞাপনটি ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ)।
৮। জনাব মোহাম্মদ নুরুস সামস চৌধুরী, চিফ ইন্সট্রাক্টর (কম্পিউটার), চাঁদপুর পলিটেকনিক ইনস্টিটিউট।
৯। জেলা হিসাব রক্ষণ কর্মকর্তা, চাঁদপুর।

১৯.০৮.১৮

(মোঃ আব্দুল্লাহ)
উপসচিব (কারিগরি-১)
ফোনঃ ৯৫৮৪৬৬৬
sastec1@tmed.gov.bd